# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৭০৫

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৬৪. আহত ব্যক্তির ক্ষত স্থানে পট্টি বাঁধা এবং পানি ব্যবহার করার সামর্থ্য থাকা সত্ত্বেও তার জন্য তাইয়াম্মুম করা জায়েয

## بَابُ جَوَازِ التَّيَمُّمِ لِصَاحِبِ الْجِرَاحِ مَعَ اسْتِعْمَالِ الْمَاءِ ، وَتَعْصِيبِ الْجُرْحِ

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ سُلَيْمَانَ بْنِ الْأَشْعَثِ ـ لَفْظًا فِي " كِتَابِ النَّاسِخِ وَالْمَنْسُوخِ " نَا مُوسَى بْنُ عَبْدِ الرَّحْمَنِ الْحَلَبِيُّ ، نَا مُحَمَّدُ بْنُ سَلَمَةَ ، عَنِ الزُّبَيْرِ بْنِ خُرَيْقٍ ، عَنْ عَطَاءٍ ، عَنْ جَابِرٍ قَالَ : " خَرَجْنَا فِي سَفَرٍ فَأَصَابَ رَجُلًا مِنَّا حَجَرٌ ، فَشَجَّهُ فِي رَأْسِهِ ، ثُمَّ احْتَلَمَ ، فَسَأَلَ أَصْحَابَهُ : هَلْ تَجِدُونَ لِي رُخْصَةً فِي التَّيَمُّمِ ؟ قَالُوا مَا نَجِدُ لَكَ رُخْصَةً وَأَنْتَ تَقْدِرُ عَلَى الْمَاءِ . فَاغْتَسَلَ فَمَاتَ ، فَلَمَّا قَدِمْنَا عَلَى رَسُولِ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ أُخْبِرَ بِذَلِكَ ، فَقَالَ : " قَتَلُوهُ قَتَلَهُمُ اللَّهُ ! أَلَا سَأَلُوا إِذْ لَمْ يَعْلَمُوا ؛ فَإِنَّمَا شِفَاءُ الْعِيِّ السُّؤَالُ ، إِنَّمَا كَانَ يَكْفِيهِ أَنْ يَتَيَمَّمَ وَيَعْصِرَ أَوْ يَعْصِبَ عَلَى جُرْحِهِ ، ثُمَّ يَمْسَحَ عَلَيْهِ ، وَيَغْسِلَ سَائِرَ جَسَدِهِ " . شَكَّ مُوسَى ، قَالَ أَبُو بَكْرٍ : هَذِهِ سُنَّةٌ تَفَرَّدَ بِهَا أَهْلُ مَكَّةَ ، وَحَمَلَهَا أَهْلُ الْجَزِيرَةِ . لَمْ يَرْوِهِ عَنْ عَطَاءٍ ، عَنْ جَابِرٍ غَيْرُ الزُّبَيْرِ بْنِ خُرَيْقٍ ، وَلَيْسَ بِالْقَوِيِّ ، وَخَالَفَهُ الْأَوْزَاعِيُّ ؛ فَرَوَاهُ عَنْ عَطَاءٍ ، عَنِ ابْنِ عَبَّاسٍ . وَاخْتُلِفَ عَنِ الْأَوْزَاعِيِّ ؛ فَقِيلَ عَنْهُ ، عَنْ عَطَاءٍ ؛ وَقِيلَ عَنْهُ ، بَلَغَنِي عَنْ عَطَاءٍ . وَأَرْسَلَ الْأَوْزَاعِيُّ آخِرَهُ عَنْ عَطَاءٍ عَنِ النَّبِيِّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ وَهُوَ الصَّوَابُ . وَقَالَ ابْنُ أَبِي حَاتِمٍ : سَأَلْتُ أَبِي وَأَبَا زُرْعَةَ عَنْهُ ؟ فَقَالَا : رَوَاهُ ابْنُ أَبِي الْعِشْرِينَ ، عَنِ الْأَوْزَاعِيِّ ، عَنْ إِسْمَاعِيلَ بْنِ مُسْلِمٍ ، عَنْ عَطَاءٍ ، عَنِ ابْنِ عَبَّاسٍ ...... وَأَسْنَدَ الْحَدِيثَ

বাংলা

৭০৫(৩)। আবদুল্লাহ ইবনে সুলায়মান আল-আশআছ (রহঃ) ... জাবের (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমরা সফরে বের হলাম। আমাদের মধ্যকার এক ব্যক্তির মাথা পাথরের আঘাতে ফেটে গেল। অতঃপর তার স্বপ্নদোষ

হলো। সে তার সঙ্গীদের জিজ্ঞেস করলো, তোমরা কি আমার জন্য তাইয়াম্মুম করার অবকাশ আছে বলে মনে করো? তারা বলল, আমরা তোমার জন্য কোন অবকাশ (রুখসাত) দেখি না। কেননা তুমি পানি ব্যবহার করতে সক্ষম। অতএব সে গোসল করলো এবং ফলে মারা গেল। আমরা যখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট ফিরে এলাম, তখন তাকে এ সম্পর্কে অবহিত করা হলো। তিনি বলেন, তারা তাকে (তাইয়াম্মুমের অনুমতি না দিয়ে) হত্যা করেছে, আল্লাহ তাদের সর্বনাশ করুন। তোমরা যখন জানতে না তখন কেন জিজ্ঞেস করলে না? অজ্ঞতার প্রতিশেধক হলো জিজ্ঞাসা (করে জেনে নেয়া)। নিশ্চয়ই তাইয়াম্মুম তার জন্য যথেষ্ট ছিল, সে ক্ষতস্থানের পুঁজ বের করে অথবা ক্ষতস্থানে পট্টি বেঁধে তার উপর মসেহ করত এবং সমস্ত শরীর ধৌত করতো। রাবী মূসা সন্দেহের শিকার হয়েছেন।

আবু বাকর (রহঃ) বলেন, এটা সুন্নাত। কেবল মক্কাবাসীরাই এককভাবে এই হাদীস বর্ণনা করেছেন এবং আল-জাযীরাবাসী (আরব উপদ্বীপ) তা বহন করেছেন। এই হাদীস আয-যুবায়ের ইবনে খারীক ব্যতীত অপর কেউ আতা-জাবের (রাঃ) সূত্রে বর্ণনা করেননি এবং তিনি নির্ভরযোগ্য রাবী নন। আল-আওযাঈ (রহঃ) তার বিপরীত বর্ণনা করেছেন। অতএব তিনি এই হাদীস আতা-ইবনে আব্বাস (রাঃ) সূত্রে বর্ণনা করেছেন। আল-আওযাঈ (রহঃ) সম্পর্কেও মতবিরোধ করা হয়েছে। অতএব বলা হয়েছে, তার থেকে আতা সূত্রে বর্ণিত। আরো কথিত আছে, তার থেকে আমার নিকট আতা (রহঃ) সূত্রে হাদীস পৌছেছে। আল-আওযাঈ (রহঃ) এই হাদীস শেষ পর্যন্ত আতা (রহঃ)-নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূত্রে মুরসালরূপে বর্ণনা করেছেন এবং এটাই যথার্থ। ইবনে আবু হাতিম (রহঃ) বলেন, আমি আমার পিতা ও আবু যুর'আ (রহঃ)-কে এ সম্পর্কে জিজ্ঞেস করলে তারা উভয়ে বলেন, এই হাদীস ইবনে আবুল ইশরীন (রহঃ) আল-আওযাঈ-ইসমাঈল ইবনে মুসলিম-আতা-ইবনে আব্বাস (রাঃ) সূত্রে বর্ণনা করেছেন এবং মারফুরূপে বর্ণনা করেছেন।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80494

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন